

মহাত্মা গান্ধী সম্পর্কে নিয়মিত চর্চা হয়েছে বাংলায়, যথেষ্ট না হলেও সন্তোষজনক। তাঁর জীবনী ও জীবনদর্শন, বাস্তব কর্মক্ষেত্র, রাজনৈতিক আন্দোলন ও সত্যাগ্রহ, সমাজ সংস্কার ও গ্রামীণ গঠনমূলক কর্মসূচী, নদী তালিম শিক্ষার কর্মসূচী, সাম্প্রদায়িক সম্প্রীতি প্রভৃতি বিষয়ে আলোচনা, সমালোচনা, গবেষণামূলক বই বেরিয়েছে। গান্ধী অনুরাগী ও ভক্তজন স্বভাবতই নিজস্ব দৃষ্টিভঙ্গী, আবেগ উচ্ছ্বাস থেকেই লিখেছেন, প্রতিষ্ঠিত সাহিত্যিকদের মধ্যেও অনেকে লিখেছেন গ্রন্থ আকারে ও প্রবন্ধে। যোগ দিয়েছেন আলোচনাচক্রে, ভাষণে এবং আবৃত্তি সভায়ও। গান্ধী জন্ম শতবার্ষিকী উপলক্ষে বহু বই বেরিয়েছিল, কিছু খুবই মূল্যবান, এখনও চাহিদা রয়েছে। সম্প্রতি দু'একটি বিশ্ববিদ্যালয়ে গান্ধী পাঠ ঐচ্ছিক পেপার করা হয়েছে যার ফলে এসব বই-এর চাহিদা বেড়েছে।

গান্ধীর নিজের কবিতা, মহঃ ইকবাল, রবীন্দ্রনাথ নজরুল জীবনানন্দ থেকে সুকান্ত প্রেমেন্দ্র বুদ্ধদেব বসুসহ বাংলার প্রতিষ্ঠিত কবিদের রচনা স্থান পেয়েছে এই সংকলনে। চারণকবি, পল্লীকবি, গান্ধীভক্ত স্বভাবকবি সবার কবিতার মধ্যে গান্ধীর প্রভাব ও মহিমার প্রকাশ রয়েছে।

কবি, প্রাবন্ধিক ও সমাজনির্মাণ কর্মের তাত্ত্বিক হিসেবে ডঃ চক্রবর্তী সুপরিচিত। বেশ কয়েকটি কাব্যগ্রন্থ ও গবেষণা গ্রন্থের লেখক, এছাড়া নরেন্দ্রপুর লোকশিক্ষা পরিষদ, আনন্দ নিকেতনসহ বহু সংস্থার সাথে জড়িত।

কবিতায় গান্ধী



সম্পাদনা : অমূল্যকুমার চক্রবর্তী

কবিতায় গান্ধী সম্পাদনা : অমূল্যকুমার চক্রবর্তী

গ্রন্থের নাম

লেখক

প্রকাশক

প্রকাশের তারিখ

পৃষ্ঠা সংখ্যা

মূল্য :

সারাংশ

কবিতায় গান্ধী

সম্পাদনা : অমূল্যকুমার চক্রবর্তী

গান্ধী স্মারক সংগ্রহালয়, বারাকপুর

জানুয়ারী, ২০০১

১২৮

৮০ টাকা

মহাত্মা গান্ধী সম্পর্কে নিয়মিত চর্চা হয়েছে বাংলায়, যথেষ্ট না হলেও সন্তোষজনক। তাঁর জীবনী ও জীবনদর্শন, বাস্তব কর্মক্ষেত্র, রাজনৈতিক আন্দোলন ও সত্যাগ্রহ, সমাজ সংস্কার ও গ্রামীণ গঠনমূলক কর্মসূচী, নদী তালিম শিক্ষার কর্মসূচী, সাম্প্রদায়িক সম্প্রীতি, প্রভৃতি বিষয়ে আলোচনা, সমালোচনা, গবেষণামূলক বই বিভিন্ন সময়ে প্রকাশিত হয়েছে। গান্ধী অনুরাগী ও ভক্তজন স্বভাবতই নিজস্ব দৃষ্টিভঙ্গী, আবেগ উচ্ছ্বাস থেকেই লিখেছেন, প্রতিষ্ঠিত সাহিত্যিকদের মধ্যেও অনেকে লিখেছেন গ্রন্থ আকারে ও প্রবন্ধে। যোগ দিয়েছেন আলোচনাচক্রে, ভাষণে এবং আবৃত্তি সভায়ও। গান্ধী জন্ম শতবার্ষিকী উপলক্ষে বহু গ্রন্থ প্রকাশিত হয়েছিল, কিছু খুবই মূল্যবান এখনও চাহিদা রয়েছে। সম্প্রতি দু-একটি বিশ্ববিদ্যালয়ে গান্ধী পাঠ ঐচ্ছিক পেপার করা হয়েছে যার ফলে এইসব গ্রন্থের চাহিদা বেড়েছে।

গান্ধীজীকে নিয়ে কবিতা সংকলন অভিনব নয়, কারণ ইতিমধ্যে দু-একটি বই প্রকাশিত হয়েছে। এই সংকলনটির অভিনবত্ব তার ব্যাপ্তি, বিন্যাস, সংখ্যা, মহাত্মাজীকে নিয়ে হাল আমলের কবিদের রচনার অন্তর্ভুক্তি, যা গান্ধীজী সম্বন্ধে চিরকালীন আগ্রহের কথা স্মরণ করিয়ে এবং সর্বোপরি কিছু বিরল ও বিদেশী অনুরাগী রচিত কবিতাও সংকলনে রয়েছে। স্বয়ং গান্ধীজী রচিত একটি দুর্লভ কবিতাও সংগৃহীত হয়েছে এই সংকলনটিতে। এছাড়াও মহঃ ইকবাল, রবীন্দ্রনাথ, নজরুল, জীবনানন্দ থেকে সুকান্ত, প্রেমেন্দ্র, বুদ্ধদেব বসুসহ বাংলার প্রতিষ্ঠিত কবিদের রচনা স্থান পেয়েছে এই সংকলনে। চারণকবি, পল্লীকবি, গান্ধীভক্ত স্বভাবকবি সবার কবিতার মধ্যে গান্ধীজীর প্রভাব ও মহিমার প্রকাশ রয়েছে এই সংকলনটিতে।